# রূপকথার দেশে

BANGLADARSHAN.COM

জ্যোৎস্না মন্ডল

# সূচিপত্র


| কবিতার নাম | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|
| ছেঁড়া জুতো | ৩ |
| আগুন পাখি | ৪ |
| তফাৎ | ৫ |
| সমঝোতা | ৬ |
| সম্বিত ফেরে | ৭ |
| সাধ | ৮ |
| আত্মানুভূতি | ৯ |
| জ্ঞানচক্ষু | ১০ |
| মদমত্তা | ১১ |
| বোধ | ১২ |
| ঝড় | ১৩ |
| চেতনা | ১৪ |
| মানুষকে চেনো | ১৫ |
| টান | ১৬ |
| গভীরতা | ১৭ |
| সার্থক জনম | ১৮ |
| ডাক এসেছে | ১৯ |
| রূপকথার দেশে | ২০ |
| বারুদের গন্ধ | ২১ |
| ঠকিনি | ২২ |
| জনপ্রিয়তা | ২৩ |
| ক্ষতি | ২৪ |
| পথ চেয়ে রই | ২৬ |
| আজব দুনিয়া | ২৭ |
| সঠিক ঠিকানা | ২৮ |


BANGLADARSHAN.COM

# ছেঁড়া জুতো

চলেছি ছেঁড়া জুতো পড়ে........
বৈভব মাখানো পোশাক মানাবে না আজ একদম
সাধারণ সাজে ধীর পদক্ষেপে এগিয়ে চলা,
পথের খরচ লাগে না আর।

মাথায় নেই কেশ সজ্জা
কপালে নেই লালরঙা টিপের ঔজ্জ্বল্য,
প্রসাধন নেই কোথাও এতটুকু
ছেঁড়া জুতোর মর্যাদার সাথে বাহ্যিক সাজ আজ মিলে মিশে একাকার।

ছেঁড়া জুতোর গুণ অনেক.......

BANGLADARSHAN.COM

# আগুন পাখি

কেমন করে মনের ভিতরে গেলে
হিসেব মেলে না আজও
ছটফট করেছিলাম অনেক প্রহর
কলিং বেলের আওয়াজে নিভেছিল বসন্তের আগুন।

আগুনের লেলিহান শিখায় তোমায় পুড়তে দেখেছি
তাড়িয়ে তাড়িয়ে উপভোগ করেছিলাম সেদিন
তুমি আবার আসবে বলো কখন।

BANGLADARSHAN.COM

# তফাৎ

চুম্বকের আকর্ষণ অনুভবের গভীরে
নেই কোনো খাদ
কোমল পেলবের রং চটে গেছে কিছুটা
ভুলিনি তোমার শরীরে বিলীন হবার স্বাদ ।

কড়ি কাঠ গুনে চলেছি অবিরত
কেটে যায় কত বিনিদ্র রাত
বাস্তব জীবনের দামামা বেজে ওঠে কঠিন বুকে
আমার ভাবনায় নেই কোনো তফাৎ।

BANGLADARSHAN.COM

# সমঝোতা

আমার হৃদয়ে বহমান নদী
শব্দ নেই কোনো
শুধুই কঠিন নিস্তব্ধতা।

বাতাসের শন শন শব্দ
কানে আসেনি এতটুকু
ঝরে গেছে অনেক বিবর্ণ পাতা।

রঙ বদলাতে ইচ্ছে করেনা আর
নিঃশব্দে বয়ে চলেছি
এর নাম সমঝোতা।

BANGLADARSHAN.COM

# সম্বিত ফেরে

তোমার দেওয়া জংলা শাড়ীটি পড়েছি আজ,
হাতে পড়েছি রং বেরঙের কত চুড়ি,
শাড়ীর ভাঁজে তোমার প্রশ্বাস কণা দেয় নি আকাশ পাড়ি,
অব্যক্ত মন আজ পড়েছে কঠিন সাজ।

চোখের চাউনিতে দেখেছিলাম ভালোবাসার হাতছানি,
হাতের স্পর্শে মন মেতে উঠেছিল বারংবার,
চুলের মধ্যে বিলি কেটে দিয়েছিলে অনেক বার,
ফাগুনের প্লাবনে ভেসে গেছিল এ পোড়া তনুখানি,
সম্বিত ফেরায় হাতের কাঁকনের রিনি ঝিনি আওয়াজ।

BANGLADARSHAN.COM

# সাধ

বন্ধু আমার পরানের পরান
পটে আঁকি তোমার ছবি একখান
সজনে ফুলের ক্ষেতে গিয়ে
উড়াই সাধের অঞ্চলখান।

বিষ্যুদবারে চড়কের মেলায়
হাজার লোকের মেলা,
বহুদিনের পরে আবার
দেখা হবে সাঁইঝের বেলা,
বইবে প্রেমের ফল্গুধারা
মিলবো মোরা দুজন॥

BANGLADARSHAN.COM

মরদ আমার কাছে এসে
হাতটি নিল হাতে,
আমায় নিয়ে পলাইয়ে যাবে
আজই গভীর রাতে।

অন্তরেতে ভয়ের নাড়া
বাঁচবো ক্যামনে গ্রামকে ছাড়া
বাবা মাকে দুঃখ দিয়ে
তোর ডাকে দেই সাড়া,
সব ফেলে তোর সোহাগে
ছাড়ি স্বজন পরিজন।

# আত্মানুভূতি

তোমার কাছে আমার
পাওয়ার কিছুই নাই,
তুমি যা দিয়েছ উজার করে
আর কিছুনা চাই।

যেমন খুশি তেমনি সাজাও
তোমার মতে পথ চলাও,
যেমন খুশি হাসাও কাঁদাও
আশার আলোর দেখা পাই।

আমার বলে নাইরে কিছু
সবই যে তোমার দান,
মুখ ফিরিয়ে নাও নি প্রভু
জীবন তাই স্বর্গোদ্যান।

অনাথের বন্ধু তুমি
তোমায় ঘিরে ধর্ম,
তোমার পরম কৃপায় মোদের
শুদ্ধ হয় সকল কর্ম।

BANGLADARSHAN.COM

# জ্ঞানচক্ষু

আজ ভোরে নয়ন মেলে দেখি
        সাদা মেঘগুলি পূব পানে ধায়,
মুগ্ধতা নিয়ে বসি নিরালায়,
        কত শত কথা দানা বাঁধে কবিতায়।

চাওয়া পাওয়ার হিসাব মেলাতে গিয়ে
        দেখা হল মনের পাতায়,
জাবদা খাতা খুলে দেখি
        টান পড়ে যায় পাওয়ায়।

ছুঁয়ে যায় মন আগের মতোই
        নেবার মতো মন যারে চায়,
একুল ভেঙে ওকুল গড়ে
        হিসেব থাকে চিত্রগুপ্তের খাতায়।

বিশ্বখানার সংসার ভাই
        জড়ানো অসীম কালের মায়ায়,
কেউ নীলকণ্ঠ, কেউ বা ভোগী,
        চিনবো আপন জ্ঞানের মহিমায়।

BANGLADARSHAN.COM

# মদমত্তা

ভুবন জোড়া বিস্তৃত আসন পাতা,
মাটির বুকখানি চিরে সৃষ্টি হয় প্রেমের গল্পগাঁথা,
মানবের মহা মিলন তীর্থে যে কজন মদমত্তা,
আলোর পথের যাত্রী হয়ে লভিল সার্থকতা।

ডাক শুনেছি বারে বারে পিছন হতে,
দ্বন্দ্ব আসে পিছন ফিরে তাকাতে,
শক্ত বাঁধনের বেড়াজাল চাই না ছিঁড়তে,
আলোক রশ্মির দীপ্তি মেখে এ প্রাণ সঁপেছি তোমাতে।

BANGLADARSHAN.COM

# বোধ

বোধগম্য করাতে গিয়ে
নিজের বোধের উদয় কই?
বেশি বুঝে লাভ কি রে ভাই
আমরা তো কেউ মানুষ নই।

পিঁপড়ে কেমন নিজের পিঠে
ভারি বোঝা বয় রে ভাই,
অসময়ের রশদ নিয়ে
সারি বেঁধে যাচ্ছে ঐ।

রাতের অন্ধকারে পেঁচা ডাকে
দিনের আলোয় কাক চড়ুই,
মোদের মুখে আওয়াজ নাই
নিজের তালে নিজেই রই।

বনের পশু বনের পরিবেশে
সাবলীলভাবে বাড়ছে ঐ,
আদরেও মানুষ পোষ মানেনা
আমরা তো আর পশু নই।

BANGLADARSHAN.COM

# ঝড়

কালো মেঘে ঝড়ের পূর্বাভাস পূবালী আকাশে,
নদীর জল উথাল পাথাল দমকা বাতাসে,
শক্ত হাতে বৈঠা ধরে মাঝি মাঝ দরিয়ায় বাঁচার আশে।

ঝড়ের গতির উর্দ্ধগমন কাঁপন ধরায় চিন্তার আকাশে,
দিনের বলয় আবৃত আজ তিমির তমসা ত্রাসে,
বেসামাল তরী বিপথগামী প্রবল জলোচ্ছ্বাসে,
কান্ডারীর আজ শক্ত চোয়াল অন্যমনস্ক সে।

BANGLADARSHAN.COM

# চেতনা

দেহের মধ্যে মনের বাড়ি
যতন করি চল,
শুদ্ধ করি এ মনটারে
বাড়াই মনের বল।

মনের ঘরে দুই সতীন
বাঁধায় গন্ডগোল,
সুমতির মাথায় চড়ে কুমতি
দেখায় হরেক ছল।

যেদিক পানে আশার আলো
রসেতে টলমল,
মন পাখি তাই ক্ষুধার জ্বালায়
খায় না কোনো ফল।

BANGLADARSHAN.COM

# মানুষকে চেনো

অহংকার বলে দেয়
কত টাকা আছে,
মুখের ভাষা বলে দেয়
মানুষটা কেমন।
তক্কো বলে দেয়
জ্ঞান কতটা আছে,
স্পর্শ বলে দেয়
স্বভাব কেমন।
নজর বলে দেয়
ভাবনা চিন্তা কতটুকু,
পছন্দ বলে দেয়
ভবিষ্যত কেমন।
চলার ভঙ্গিতে বোঝা যায়
গভীরতা কতখানি,
সংস্কার বলে দেয়
পরিবার কেমন।

BANGLADARSHAN.COM

# টান

মন কেমন করা সকালে বই নিয়ে বসতে চেয়েও
এক লাইন পড়তে পারিনি,
দৃষ্টিখানি ঝাপসা হয়ে আসে
মুছতে গিয়ে ধরা পড়ার ভয়ে
গালের পরে শুকিয়ে নিতে ভুলিনি।

এটাই বোধ হয় টান......

চিঠি পেতাম বান্ধবীর নামে
মুঠোফোন ছিলনা সেদিন,
একটা দেখা করার দিন ফসকে গেলে
আবার চিঠির অপেক্ষায় গুনতাম
দিন।

BANGLADARSHAN.COM

এটাই বোধ হয় টান......

# গভীরতা

তোমার চোখে চোখ রেখে শিহরণ হয়েছিল সেদিন অষ্টাদশীর যৌবনে,
প্রেম সায়রে অবগাহন করতে করতে ডুব দিয়েছিল সে মনে মনে,
হাতের মুঠোয় করে এনেছিল সেদিন গভীরতা।

তোমার সান্নিধ্যে আকাশে উঠেছিল পূর্ণ শশী,
বসন্ত বাতাসে প্রেম নদীতে পাল তুলেছিল অষ্টাদশী,
সর্বাঙ্গের মুগ্ধতা এনে দেয় গভীরতা।

বিলীন হয়েছিল দুটি নিরবিচ্ছিন্ন মন এক লহমায়,
আদরের চাদরে ঢাকা কুয়াশাচ্ছন্ন ভোরে সিঁদুর রঙা কপোল লজ্জায়,
মনের মুঠোয় করে বাঁচাতে চায় গভীরতা।

BANGLADARSHAN.COM

# সার্থক জনম

মোমবাতির আলোয় ঘর আজ আলোকিত
চাঁদের আলো দূর গগনে খেলে লুকোচুরি মেঘকে দোসর করে,
চাঁদের সাথে আড়ি না করে
নিয়ে এসো তাকে আদর করে
তোমার সুখের ঘরে।

রামধনু ঐ পুব গগনে
মেঘের সঙ্গে পাল্লা দিয়েছে সকাল হতে,
মৃদু মন্দ দখিনা বাতাস করে খেলা আজি এ আলোকিত প্রাতে,
সার্থক জনম মাগো তোমার কোলে মেতে।

প্রেমাবেশে আবিষ্ট করে সুখের আলো দেখালে নিশীথ রাতে,
প্রেমানুভূতির গভীর টানে
মাটিতে নেমে এসেছিলাম
স্বর্গ নিয়ে দুহাতে,
দীর্ঘ সময় কেটে গেল জীবনের স্রোতে,
তোমায় নিয়ে স্বপ্নের জাল বুনতে বুনতে।

BANGLADARSHAN.COM

# ডাক এসেছে

বেড়িয়েছিলাম পরনে এক কাপড়
হাতছানি ছিল সিঁথিতে সিঁদুর পড়ার,
নাকের নোলক দুলছিল জোর বাতাসে
আজ লগ্ন অন্যের অধীন হবার।

হৃদপিন্ডের আওয়াজ ভাসছে কানে
কাঁপন লাগে মনের ভিতর ঘরে,
বাজবে বীণ প্রথম প্রেমের রাগে
দ্বন্দ্ব লাগে স্বাধীন চলার পরে।

খুশির ঝলক যতই আসুক প্রাণে
সোহাগ মাখা বন্ধুত্ব পাবার আশে,
দিনের পরে দিন যাবার কালে
গভীরতা আসুক সুঠাম নবীন বেশে।

BANGLADARSHAN.COM

# রূপকথার দেশে

অনেক দিনের পরে বুঝলাম
তোমায় আমি ভালোবাসি,
হাজার মাইল পথ অতিক্রম
মুখে আমার ফোটায় হাসি,
তোমার কথার রূপকথাতে
প্রয়োজনের অনুভব বেশি,
একসাথে চলতে আহ্বান
বাজায় মনে প্রেমের বাঁশি।
রবির তেজ তোমার কাব্যে
নিয়ে যায় পাশাপাশি,
গভীরতা মাপার যন্ত্র লাগে না
মন মেশে মনেতে আসি,
এতদিন পরে চিনিয়ে দিলে
তুমিই আমার সেই পড়শী,
স্বপ্ন মদির আবেশ মেখে
মন যমুনায় তরণীতে ভাসি।

BANGLADARSHAN.COM

# বারুদের গন্ধ

আকাশে বারুদের গন্ধ
পুড়ছে মাটি জ্বলছে বাতাস,
নিস্তব্ধতা গ্রাস করেছে
চারদিকে শুধু হাহুতাশ।

নতুন দিনের ভোরের গান
জাগায় না আর সতেজ শ্বাস,
বদ্ধ হয়ে রইলো পড়ে
গুমোট ঘরে প্রাণোচ্ছাস।

রবির কিরণ ম্রিয়মান যেন
প্রাণস্পন্দনের চলছে তালাশ,
যৎপরোনাস্তি কঠিন ব্যামোর
সোচ্চার হও করতে খালাস।

BANGLADARSHAN.COM

# ঠকিনি

ঠকতে হবে আর কতদিন জানিনা
জন্মক্ষণে বুদ্ধি নিয়ে আসিনি এই পৃথিবীতে,
উপলব্ধির কোষে জলের ভাগ এখনো বেশি
অন্যের কুমতলব টের পাই কোনোমতে।

এখানে সেখানে অনেক মূর্তি
রং বেরঙের গালিচায় আসন পাতে,
জানতে গিয়ে ভাঙতে হয় না
আগেই নাজেহাল ক্ষতে বিক্ষতে।

ঠকতে গিয়ে শিক্ষার হার
অভিজ্ঞতারে নেয় সাথে,
প্রাণস্পন্দনে কাঁপন লাগে না
সবল করল সোজা পথে।

BANGLADARSHAN.COM

# জনপ্রিয়তা

এলোপাথারি ভাব
বাউন্ডুলে স্বভাব
নিরলস কর্ম প্রয়াস
জনপ্রিয়তা তুঙ্গে।

বন্য প্রচেষ্টা
গভীরতার তেষ্টা
ক্লেদহীন ভাবনা
খেলে তরঙ্গে।

দীন জনের প্রতি
রয় যেন সুমতি
ছন্দে চলে হৃদয়
কত না রঙ্গে।

নতুন ভোরের গান
জুড়াবে মন প্রাণ
আশা আর আনন্দ
নিয়ে চলো সঙ্গে।

BANGLADARSHAN.COM

# ক্ষতি

সমগ্র উজার করে ভালোবাসার
আরেক নাম প্রেম,
ভালোবাসার মানুষকে ভালোবাসতে
ভালো লাগে জানতেম,
খুব তৃপ্ত হই
আমার প্রেমের উপলব্ধিতে যখন
আরেকজন ভাসমান মাঝ সমুদ্রে,
তবে এ শুধু অনুমান মাত্র....
সকলে দিতে জানেনা সম্মান,
বাসেনা ভালো গভীর ভাবে,
এক্ষেত্রে ক্ষতি কার সেটা বলা খুব মুশকিল।

চাঁদের আলোর রূপোলী ছটা পেতে
বিনিময় শূণ্য,
রবির কিরণে স্নাত হয়ে
শক্তির ভান্ডার করি পূর্ণ,
প্রবাহিত নদীর কুলু কুলু শব্দে
হৃদয়ে ওঠে গুঞ্জরণ,
মনের অলিন্দ আন্দোলিত হয়
শুনে পাখির কুজন,
দেওয়া নেওয়ায় হিসেব থাকেনা
নাও সবটুকু হয়ে আকুল।

প্রেমের সাগরে ডুব দিয়ে ভাই
অঙ্গ করো খাঁটি সোনা,
আঁচল পেতে নাও গো ভরে
মূল্য কিছু দিতে চেও না,
প্রেমবাজারে সওদা করে

BANGLADARSHAN.COM

প্রেম তো কেনা যায় না,
যে জন মনের মূল্য বোঝেনা
ক্ষতির বোঝা তার যে বহাল।

BANGLADARSHAN.COM

# পথ চেয়ে রই

মনের ভুলে মনটা রেখে এসেছিলাম
জানালার পাশে রোদের আশায়,
মেঘের আড়ালে সূর্য লুকায়,
সে যে মন ময়ূরীর সারা অঙ্গে
বৃষ্টি নামায়।

সেদিনও তারাগুলি মিট্ মিট্ করে
জ্বলতো রাতের আকাশে,
বাঁশ বাগানের ফাঁক দিয়ে
চাঁদের আলো পড়ত জানলায় অনায়াসে।

আজ মেঘের চাদর সরিয়ে
রোদের উঁকিঝুঁকি মন পেয়ালায়,
পথ চেয়ে রই মনের মানুষ
ফেরার আশায়।

BANGLADARSHAN.COM

# আজব দুনিয়া

আজব দেশে চলতে গিয়ে
বেঁচে থাকাই হল দায়,
সঠিক পথে চলছে যারা
বেতের আঘাত তারাই পায়।

আনন্দ বলে হয় না কিছু
এটাই শেখার ছিল বাকী,
কাজের সুনাম হয় না সেথা
জীবন জুড়ে শুধুই ফাঁকি।

কোনটা ভাল কোনটা সোজা
সব কিছু আজ ধোঁয়াশা,
উল্টো দেশে বাঁকা পথে
চলতে হবে নিয়ে আশা॥

BANGLADARSHAN.COM

# সঠিক ঠিকানা

দেখেছি রক্তিম সূর্যকে
এক লাফে উঠতে নদীর ওপাড়ে,
জলের ছলাৎ ছলাৎ শব্দ
ঘুম ভাঙিয়ে কাছে ডেকে নেয়,
মনের গভীরে শুধু রেখাপাত না ফেলে
দামামা বাজাতে থাকে মুহুর্মূহু,
দূরে মন্দিরে শঙ্খ ঘণ্টা ধ্বনি
ঊষার আগমনের বার্তা জানায়,
আহ্বান করি নতুন প্রভাতকে সাদরে।

স্বপ্ন কেটে যায়.....
স্বপ্ন কেটে যায়.....
মৃত নিথর শরীর জলে ভাসমান,
ওপাড়ের হাতছানি চেনা গলি দিয়ে
নিয়ে চলে
সঠিক ঠিকানায় চিরতরে।

BANGLADARSHAN.COM

॥সমাপ্ত॥